গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
সিনিয়র প্ল্যানারের কার্যালয়
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

স্মারক নম্বর: ২৫.৪৫.৯১৬২.১০৩.২৩.০০১.১৮.২৬১

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিশ্ব বসতি দিবস-২০২৪ উপলক্ষ্যে স্মারনিকায় লেখা জমাদান প্রসঙ্গে।

সূত্র: নগর উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নং-২৫.৪৫.০০০০.০০২.২৩.০০৩.১৭.২৫০; তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস কর্তৃক বিশ্ব বসতি দিবস-২০২৪ এর স্মারনিকায় প্রকাশের জন্য "উন্নত শহর গড়তে তরুণদের সম্পৃক্তকরণ: কিছু প্রস্তাবনা" শীর্ষক একটি লেখা তৈরী করা হয়েছে (এমএস ওয়ার্ড ও পিডিএফ ফরম্যাটে লেখাটির কপি সংযুক্ত)। লেখাটি বিশ্ব বসতি দিবস ২০২৪ এর স্মারনিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১০-০৯-২০২৪
জনাব শাহীন আহমেদ
সিনিয়র প্ল্যানার

পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।

স্মারক নম্বর: ২৫.৪৫.৯১৬২.১০৩.২৩.০০১.১৮.২৬১/১ (৮)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
- ৪। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৬। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৭। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর এবং

৮। অফিস কপি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।



Shahin Ahmed

১০-০৯-২০২৪

জনাব শাহীন আহমেদ
সিনিয়র প্ল্যানার

সকল সংযুক্তিসমূহ:

- (১) কেন্দ্রীয় দপ্তরের অফিস আদেশ
- (২) WHD Write-up 2024_Shaheen
- (৩) WHD Write-up 2024_Shaheen

উন্নত শহর গড়তে তরুণদের সম্পৃক্তকরণ: কিছু প্রস্তাবনা

শাহীন আহমেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, তোপখানা, সিলেট

ভূমিকা

অনুমান করা হচ্ছে যে, ২০৫০ সালের মধ্যে বিশ্বের জনসংখ্যার প্রায় ৭০ শতাংশ শহরে বসবাস করবে এবং দক্ষিণ এশিয়াতে শহরের জনসংখ্যার ৭০ শতাংশ হবে তরুণ। আজকের তরুণরাই বর্তমান সময়ে পরিকল্পনা করা সকল কার্যক্রমের ভবিষ্যৎ উত্তরাধিকারী হবে। তাই শহরগুলির অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই বিকাশের জন্য তরুণদের ক্ষমতায়ন এবং শহরে সিদ্ধান্ত গ্রহণে তাদের জড়িত করা অপরিহার্য। তরুণদের শক্তি, সৃজনশীলতা এবং দৃষ্টিভঙ্গি ব্যবহার করে, শহরগুলি আরও টেকসই এবং ন্যায্যসজ্জাত উন্নয়নের দিকে এগিয়ে যেতে পারে। যদিও শহর পরিকল্পনায় তরুণদের অন্তর্ভুক্ত করার চ্যালেঞ্জ রয়েছে। বর্তমান লেখাটিতে চেষ্টা করা হয়েছে ধারণাভিত্তিক এবং বাস্তবতার নিরিখে উন্নত শহর গড়ায় তরুণদের সম্পৃক্তকরণের যুক্তিকতা, সম্পৃক্তকরণের সুবিধা/অসুবিধাসমূহ, সম্পৃক্তকরণের ক্ষেত্রসমূহ, সম্পৃক্তকরণের উপায়সমূহ খুঁজে বের করে লিস্টিং করা এবং সবশেষে সম্পৃক্তকরণের চ্যালেঞ্জগুলি কীভাবে মোকাবেলা করা যায় সে সম্পর্কে কিছু সুপারিশ করা।

জনমিতিক বোনাস এবং তরুণ সম্প্রদায়

২০২২ সালের আদমশুমারি অনুসারে, কর্মজীবী জনসংখ্যার অনুপাত (১৫-৬৪ বছর বয়সী) হল ৬৫.৬৩%। এই জনসংখ্যাগত লভ্যাংশ একটি নতুন বাংলাদেশের জন্য সুযোগের দ্বার উন্মুক্ত করেছে। জনমিতিক বোনাস কিভাবে কাজে লাগানো যায় তার একটি উৎকৃষ্ট উদাহরণ হলো অগাস্ট ২০২৪ এর ছাত্র জনতার গণ অভ্যুত্থান যার মধ্যে অন্তর্ভুক্ত ছিল স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা, তরুণ দিনমজুর, তরুণ রিক্সাওয়ালা, তরুণ দোকানদার/ক্ষুদ্র ব্যবসায়ী এবং কিশোর-কিশোরীরা। তরুণরা অনিয়মের সংস্কার করতে অত্যন্ত আগ্রহী ছিল এবং জনগণও তাদের মাধ্যমে সংস্কার চাচ্ছিল। ফলে তরুণরা যখন সাধারণ জনসাধারণের সাথে এগিয়ে আসে তখন অফুরন্ত শক্তির সঞ্চারিত হয় এবং গত পনের বছরেরও বেশি সময় ধরে ক্ষমতায় থাকা দুর্নীতিবাজ স্বৈরাচারী সরকার প্রধানকে অপসারণ করে শাসন ব্যবস্থায় যুগান্তকারী সংস্কার এর ক্ষেত্র তৈরী হয় যেখানে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার কাজ করছে। আমাদের মনে রাখতে হবে যে ডেমোগ্রাফিক ডিভিডেন্ড একটি সময়-সংবেদনশীল ঘটনা। কিছু গবেষক পরামর্শ দিয়েছেন যে, এটি ২০৪০ সালের মধ্যে শেষ হয়ে যেতে পারে। ফলে জনসংখ্যাগত লভ্যাংশের বৃহত্তর অংশ তরুণ সমাজকে আমাদের অবশ্যই দেশের উন্নয়নের স্বার্থে অর্থনৈতিক চালিকাশক্তি শহরগুলিকে আরও উন্নত করতে সঠিকভাবে কাজে লাগাতে হবে।

তরুণদের সম্পৃক্তকরণের সুবিধা/অসুবিধাসমূহ

তরুণদের উন্নত শহর গড়ার কাজে সম্পৃক্ত করলে শারীরিক ব্যায়াম চর্চার প্রসার ঘটবে যা তরুণদের সু-স্বাস্থ্যের অধিকারী করবে, পরিশ্রমী বানাবে; তরুণরা অকারনে মোবাইলের কম ব্যবহার করবে বা ব্যবহারের সময় পাবে; সমাজের প্রতি তাদের দায়বদ্ধতা বাড়বে; নিজ শহরের জন্য কাজ করা তাদের আত্ম-সম্মান ও মর্যাদা বৃদ্ধি করবে; জীবন-বৃত্তান্তে পড়ালেখার বাইরের কার্যক্রম হিসেবে যুক্ত হওয়া ক্ষেত্র বিশেষে তাদের কর্ম সংস্থানে বা চাকুরীপ্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবার সুযোগ তৈরী করবে। তবে সম্পৃক্তকরণের অন্যতম অসুবিধাসমূহ হচ্ছে যে, বিষয়টি তরুণদের জন্য বাধ্যতামূলক নয় এবং অনেক অভিব্যক্তিকদের মাইন্ড-সেট এরকম যে, এ ধরনের সম্পৃক্ততা তরুণদের স্ব-স্ব কাজ ক্ষতিগ্রস্ত করবে বিশেষ করে শিক্ষার্থীদের পড়াশুনা।

উন্নত শহর গড়ার কাজে সম্পৃক্তকরণের ক্ষেত্রসমূহ

উন্নত শহরের অন্যতম শর্ত হচ্ছে সমস্যামুক্ত শহর। শহরের অসহনীয় সমস্যাসমূহ সহনশীল পর্যায়ে আনতে তরুণরা কাজ করতে পারে বিভিন্ন সেক্টরে যেমন: শহরের যানঘট নিরসনে; উন্নত পানি নিষ্কাশন ব্যবস্থাপনায়; জলাধার পুনরুদ্ধার ও সংরক্ষণ কার্যক্রমে; পন্য ও মানুষের সহজ গতিশীলতা নিশ্চিত করনের কার্যক্রমে; সবুজ ও দূষণমুক্ত পরিবেশ গড়তে; বর্জ্য ব্যবস্থাপনায়; রাস্তায় ও

ফুটপাথে হকার সমস্যার সমাধানে; বাজার ব্যবস্থাপনায়; দ্রব্যমূল্যের অর্থোত্তিক বৃদ্ধি নিয়ন্ত্রণ ইত্যাদি কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত সংস্থার সহায়ক শক্তি হিসেবে।

তরুনরা সম্পৃক্ত হওয়ার উপায় বা কার্যক্রমসমূহ

- ১। শহরের রাস্তার হিট আইল্যান্ডগুলোর তাপ কমাতে রাস্তার মিডিয়ানগুলোতে বৃক্ষরোপন
- ২। অন্যায়ের প্রতিবাদ জানাতে বা জনসচেতনতা তৈরী করতে রাস্তায়, দেয়াল কিংবা ফ্লাইওভার এর পিলারে ছবি আঁকা, লিখন/গ্রাফিতি তৈরী
- ৩। ছাদ বাগান করা
- ৪। শহর এলাকার বিভিন্ন ওয়ার্ডে হাজা-মজা পুকুর/খাল/জলাশয় সংস্কার বিশেষত: আবর্জনা ও কচুরীপানামুক্ত করা
- ৫। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপনের সমাবেশে সক্রিয় ও আন্তরিক অংশগ্রহণ
- ৬। স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী
- ৭। প্রাকৃতিক ও মানব-সৃষ্ট দুর্যোগকালীন এবং দুর্ঘটনাকালীন সময়ের সেচ্ছাসেবক/ভলান্টিয়ার হিসেবে কাজ করা
- ৮। স্বেচ্ছাশ্রমে রাস্তা সংস্কার
- ৯। যানজট নিরসনে ট্রাফিক নিয়ন্ত্রণ
- ১০। ইয়াং লিভারশীপ প্রোগ্রামে অংশগ্রহণ
- ১১। উদ্ভাবনী মেলা, হ্যাকাথন ইত্যাদিতে অংশগ্রহণ
- ১২। উদ্যোক্তা হওয়ার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি
- ১৩। সচেতনতামূলক কর্মসূচীর অংশ হিসেবে ম্যারাথন, সাইক্লিং, স্কেটিং, রোড মার্চ ইত্যাদিতে অংশগ্রহণ
- ১৪। চিত্রাংকন প্রতিযোগিতা
- ১৫। Model প্রস্তুতের উন্মুক্ত প্রতিযোগিতা
- ১৬। রচনা প্রতিযোগিতা
- ১৭। ইন্টারশীপ
- ১৮। জাম্বুরী/স্কাউটিং
- ১৯। আরবান ডিজাইন প্রতিযোগিতায় অংশগ্রহণ
২০. দুর্যোগকালীন তহবিল সংগ্রহ
২১. ওয়ার্ড/ইউনিয়ন পর্যায়ে উন্নয়নের অংশীদার হিসেবে অংশীদারিত্বমূলক পিএরএ সভায় অংশগ্রহণ
২২. Apps তৈরীর মাধ্যমে এলাকার জনকল্যাণমূলক কাজের তথ্য প্রাপ্তি সহজলভ্য করা
২৩. ভোক্তা অধিকার অধিদপ্তরের সহায়ক শক্তি
২৪. অন্যান্য।

চ্যালেঞ্জসমূহ

তরুনদের সম্পৃক্তকরনের অন্যতম চ্যালেঞ্জসমূহ হচ্ছে সময় ব্যবস্থাপনা; উদ্যম ধরে রাখা; তহবিল প্রাপ্তি এবং অভিভাবকদের মাইন্ড সেট পরির্তন ইত্যাদি।

চ্যালেঞ্জ মোকাবেলার উপায়সমূহ

তরুনদের শহরের উন্নয়ন কাজে অংশগ্রহণের জন্য সবচেয়ে আগে দরকার তাদের জন্য সময় বের করা। এজন্য স্কুল/কলেজের পাঠদানকারী সময় কমিয়ে/সমন্বয় করে সকাল ৭ ঘটিকা হতে দুপুর ১ ঘটিকা পর্যন্ত করা যেতে পারে। দিনের ১ম অর্ধে শিক্ষাদান শেষ করা যেতে পারে। এতে তরুনরা দিনের ২য় অর্ধে সংস্কারমূলক কাজ করতে পারবে এবং রাতে পড়াশুনা করবে। তরুনদের জন্য সামাজিক এনগেজমেন্ট কার্ড দেয়ার ব্যবস্থা করা যেতে পারে যা তাদেরকে বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে বিশেষ ছাড় বা রিবেট দিবে। এটি তাদের কাজে সম্পৃক্ত হওয়াতে উৎসাহ যোগাবে। তরুনদের সম্পৃক্ত করতে এনজিওদের কাজে লাগাতে হবে যেহেতু এ ক্ষেত্রে তাদের অভিজ্ঞতা আছে। এলাকা ভিত্তিক তরুনদের কমিটি তৈরী করতে হবে। কমিটি সম্ভাব্য অবদান ক্ষেত্র চিহ্নিত করবে এবং আগ্রহী ভলান্টিয়ারদের হালনাগাদ তালিকা তৈরী করবে। তরুনদের জন্য আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার ক্ষেত্রে পুরস্কার/সনদ এর ব্যবস্থা রাখতে হবে। সর্বোপরি, ইন্টার্নশিপ এর মতো তরুনদের কাজে সম্পৃক্ততার ক্ষেত্রে সম্মানীর ব্যবস্থা করতে হবে।

উপসংহার

আমাদের দেশের তরুনরা ইতিমধ্যে বিশ্ব দরবারের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে যে তারা কি করতে পারে। তাছাড়া আমাদের তরুনদের অংশগ্রহণমূলক কাজের সর্বোত্তম অনুশীলন এর নজিরও রয়েছে যেমন তরুনদের অংশগ্রহণে ছায়া ক্যাবিনেট, রেড ক্রিসেন্ট সোসাইটের স্বেচ্ছাসেবকবৃন্দ, স্কাউটিং, কোয়ান্টামে তরুনদের স্বেচ্ছায় নিয়মিত রক্তদান, বিভিন্ন ধরনের হ্যাকাথনে অংশগ্রহণ ইত্যাদি। যেহেতু তরুনরা প্রায়শই নগরায়নের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়, তাই তাদের নিজ নিজ শহরগুলির মুখোমুখি হওয়া চ্যালেঞ্জ এবং সুযোগগুলির বিষয়ে তাদের একটি অনন্য দৃষ্টিভঙ্গি রয়েছে। তরুনরা তাদের চাহিদা এবং অগ্রাধিকারের জন্য সমর্থন করতে পারে, নীতি উন্নয়নে অবদান রাখতে পারে এবং আরও অন্তর্ভুক্তিমূলক, ন্যায্যসঙ্গত এবং টেকসই সম্প্রদায় তৈরি করতে অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতা করতে পারে। এটা তারা করে হৃদয় থেকে, বিনা পারিশ্রমিকে এবং বিবেকের তাড়নায়। আমাদের সবইকে এই তরুন সম্প্রদায়কে সহযোগিতা করা উচিত।

তথ্যসূত্র

1. <https://www.dhakatribune.com/opinion/op-ed/334879/reaping-our-demographic-dividends>
2. https://urbanoctober.unhabitat.org/sites/default/files/2024-07/whd_concept_note_2024.pdf
3. <https://www.unhabitatyouth.org/en/youth-as-a-key-stakeholder-in-achieving-sustainable-urban-future/>
4. <https://www.childinthecity.org/2023/05/30/giving-young-people-a-say-in-the-future-of-our-cities/?gdpr=accept>
5. <https://www.eiturbanmobility.eu/impact-story/empowering-young-people-to-co-design-urban-spaces-and-mobility-solutions/>
6. <https://www.eiturbanmobility.eu/impact-story/empowering-young-people-to-co-design-urban-spaces-and-mobility-solutions/>
7. https://www.wvi.org/our-work/gender-equality-social-inclusion?gad_source=1&gclid=Cj0KCQjw8--2BhCHARIsAF_w1gzrASfcrEo3yfpP3eHUK-bERZSQzCxQAI95mMqgeUoLlJKjXMh5WtoaApQrEALw_wcB

- ১। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(জ্যেষ্ঠ পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। সিনিয়র ডিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৪। সিনিয়র প্রানার, সিনিয়র প্রানার এর কার্যালয়, সিঙ্গেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
- ৫। সিনিয়র প্রানার, খানা সেক্টর প্রানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৬। সিনিয়র প্রানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৭। সিনিয়র প্রানার, রিজিওনাল প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৮। সিনিয়র প্রানার, খানা সেক্টর প্রানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৯। সিনিয়র প্রানার, টাউন প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১০। সিনিয়র প্রানার, সিনিয়র প্রানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
- ১১। সিনিয়র প্রানার, সিনিয়র প্রানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল;
- ১২। সিনিয়র প্রানার, অরবান প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১৩। সিনিয়র প্রানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্রানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
- ১৪। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্কে), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১৫। সমাজবিজ্ঞানী, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;

- ১৬। সহকারী প্র্যানার, রিজিওনাল প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১৭। সহকারী প্র্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১৮। জিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ১৯। প্র্যানার, থানা সেটার প্রানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২০। প্র্যানার, রিজিওনাল প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২১। প্র্যানার, থানা সেটার প্রানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২২। গবেষণা কর্মকর্তা, সিনিয়র প্র্যানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
- ২৩। অর্থনীতিবিদ, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২৪। প্র্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২৫। সিনিয়র প্র্যানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্র্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার;
- ২৬। প্র্যানার, আবাসন প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২৭। প্র্যানার, সিনিয়র প্র্যানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
- ২৮। প্র্যানার, সিনিয়র প্র্যানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল;
- ২৯। সহকারী প্র্যানার, টাউন প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩১। প্র্যানার, সিনিয়র প্র্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার;
- ৩২। পরিকল্পনা সহকারী, টাউন প্রানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩৩। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৩৪। সীট লিপিকার(পিএ), পরিচালক এর দপ্তর (পরিচালক মহোদয়ের সময় অবগতির জন্য), নগর উন্নয়ন অধিদপ্তর।



(Signature)

০৩-০৯-২০২৪

মোঃ আব্দুর রাস্মাক শিকদার
প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্ল্যানারের কার্যালয়, সিলেট সিটি কর্পোরেশন
পুরাতন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট
www.udd.sylhet.gov.bd

নম্বর: ২৫.৪৫.৯১৬২.০০০.১০৩.২৯.০০০১.১৮.১৪৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: “সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট” বিষয়ক সেমিনারের কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট এর আয়োজনে গত ২৪/০৪/২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় “সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট” বিষয়ক সেমিনার সিলেট সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিলেট আঞ্চলিক অফিস এর সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারের কার্যবিবরণী সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সকল সংযুক্তিসমূহ:

(১) নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসে অনুষ্ঠিত সেমিনারের কার্যবিবরণী উপস্থিতি তালিকাসহ

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

১৪-০৫-২০২৫
জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
+৮৮০২৯৯৬৬৩৬৩৩
uddsylhet@yahoo.com

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, সিলেট।
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেট।
- ৫। প্রধান প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬। সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
- ৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট।

- ৯। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১০। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১১। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
- ১৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ১৪। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ১৫। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
- ১৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট।
- ১৮। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
- ১৯। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গ্রহায়ণ কর্তৃপক্ষ, সিলেট।
- ২০। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট।
- ২১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ২২। জেলা শিক্ষা অফিসার, সিলেট জেলা।
- ২৩। উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), সিলেট।
- ২৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট।
- ২৫। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট।
- ২৬। নগর পরিকল্পনাবিদ, প্ল্যানিং সেল, সিলেট সিটি কর্পোরেশন।
- ২৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য বিভাগ, সিলেট।
- ২৮। উপ-আবহাওয়াবিদ, আবহাওয়া অধিদপ্তর, সিলেট।
- ২৯। অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।
- ৩০। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
- ৩১। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট।
- ৩২। জেলা রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রার অফিস, সিলেট।
- ৩৩। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট।
- ৩৪। উপ পরিচালক, জেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
- ৩৫। পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।
- ৩৬। পরিচালক, বিভাগীয় পরিবেশ অধিদপ্তর, সিলেট।
- ৩৭। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গ্রহায়ণ কর্তৃপক্ষ, সিলেট।
- ৩৮। উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি, সিলেট।
- ৩৯। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
- ৪০। সহকারী পরিচালক, জেলা পরিবেশ অধিদপ্তর, সিলেট।
- ৪১। সহকারী বন সংরক্ষক, সিলেট বন বিভাগ, সিলেট।
- ৪২। সহকারী পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।
- ৪৩। প্রশাসনিক কর্মকর্তা, কৃষি বিপন্নন অধিদপ্তর, সিলেট।
- ৪৪। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট।
- ৪৫। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সিলেট।
- ৪৬। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট।
- ৪৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ ইন্সটিটিউট, সিলেট।
- ৪৮। মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
- ৪৯। অধ্যক্ষ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট।
- ৫০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।
- ৫১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট বিভাগ, সিলেট।
- ৫২। পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সিলেট।
- ৫৩। নিরাপদ খাদ্য পরিদর্শক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সিলেট।

- ৫৪। যুগ্ম-পরিচালক, বিএডিসি (সার), সিলেট।
- ৫৫। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট।
- ৫৬। উপ-পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট।
- ৫৭। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট।
- ৫৮। হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৫৯। মোঃ ইমাম হোসেন, ড্রেনেজ এবং বন্যা ব্যবস্থাপনা এডভাইসর, এস এন ভি, নেদারল্যান্ডস।
- ৬০। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৬১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬২। সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৩। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), বৈদ্যুতিক শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৪। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৫। উপ-সহকারী প্রকৌশলী, পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৬। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৭। সহকারী প্রকৌশলী, পূর্ত শাখা, সিলেট সিটি কর্পোরেশন।
- ৬৮। নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ৬৯। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট।
- ৭০। আবহাওয়াবিদ, আবহাওয়া অফিস, সিলেট।
- ৭১। সহকারী পরিচালক (রুটিন দায়িত্ব), জেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
- ৭২। উপমহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
- ৭৩। ইন্সপেক্টর, সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি)।
- ৭৪। কম্পিউটার অপারেটর, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট।
- ৭৫। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, সিলেট।
- ৭৬। সহকারী পরিচালক, প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
- ৭৭। বৈজ্ঞানিক কর্মকর্তা, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট।
- ৭৮। উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ৭৯। সহকারী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ৮০। উপসহকারী প্রকৌশলী (মূল দায়িত্ব), জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট।
- ৮১। আর্কিটেক্ট, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ৮২। সহকারী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ৮৩। ইঞ্জিনিয়ারিং এ্যাডভাইজার, এসএনভি, তোপখানা, সিলেট।
- ৮৪। সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
সিনিয়র প্র্যানারের কার্যালয়, সিলেট সিটি কর্পোরেশন
পুরাতন ভবন (৪ম তলা), ভোপখানা, সিলেট

বিষয়: “সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট” বিষয়ক সেমিনারের কার্যবিবরণী।

সভাপতি: শাহীন আহমেদ, সিনিয়র প্র্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট

তারিখ: ২৪ এপ্রিল ২০২৫ খ্রি:

সময়: সকাল ১০.০০ ঘটিকা

স্থান: স্যাম্পলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন ভবন, সিলেট

উপস্থিতি ও আলোকচিত্র: পরিশিষ্ট “ক” ও পরিশিষ্ট “খ” দৃষ্টব্য।

সেমিনারের সভাপতি ও সভাপতি সিনিয়র প্র্যানার জনাব শাহীন আহমেদ উপস্থিত সকল দপ্তরের কর্মকর্তাদের স্বাগত জানান। সেমিনারের প্রধান অতিথি জরুরি প্রয়োজনে উপস্থিত না থাকতে পারায় তাঁর সম্মতিক্রমে অন্য সেমিনারে প্রধান অতিথি হিসেবে দায়িত্ব পালন করেন সিলেট সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইঞ্জিনিয়ার জনাব মোহাম্মদ আলী আকবর। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: আনোয়ারুল ইসলাম, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মো. ইমাম হোসেন, ডেপুটি এবং বন্যা ব্যবস্থাপনা অ্যাডভাইজার, এস এন ডি, নেদারল্যান্ডস।

সভাপতি মহোদয় অতিথিদের সামনে সেমিনার করার প্রেক্ষাপট হিসেবে বলেন যে, সিলেট সিটি কর্পোরেশন সম্প্রতি বর্ষিত ১৫ (পনেরো) টি ওয়ার্ডের শ্রীকতার প্র্যান, আরবান এরিয়া প্র্যান এবং ডিটেইল্ড এরিয়া প্র্যান তথা মাস্টার প্র্যান তৈরি করার একটি নতুন প্রকল্প বাস্তবায়ন করছে। যেহেতু এই ধরনের কাজের তাদের সহায়ক হিসেবে পূর্বে ২০১০ সালে নগর উন্নয়ন অধিদপ্তর সিলেট বিভাগীয় শহরের পূর্বে ২৭ (সাতাশ) টি ওয়ার্ডসহ সিলেট বিভাগীয় শহরের মাস্টার প্র্যান তৈরিতে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছিলো সেহেতু বর্তমান মাস্টার প্র্যান তৈরিতেও দপ্তরটি সহায়ক ভূমিকা পালন করতে ইচ্ছুক। সংশ্লিষ্ট সকল দপ্তর এবং সিলেট সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের বিষয়টি অবহিত করা এবং কৌশলগত পরিকল্পনা প্রণয়নে সকলের সুচিন্তিত মতামত গ্রহণ করা সেমিনারের অন্যতম উদ্দেশ্য বলে তিনি উল্লেখ করেন। সভাপতি মহোদয় সেমিনারে দুইটি প্রবন্ধ উপস্থাপনের পরে সকলকে তাঁদের সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান।

অতঃপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস এর দপ্তর প্রধান হিসেবে সিলেট আঞ্চলিক অফিসের সাংগঠনিক কাঠামো, বর্তমান অবস্থা এবং চলমান বর্তমান কর্মকাণ্ড বিষয়ে পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে উপস্থাপন করেন। তিনি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে দাখিলকৃত “সিলেট জেলার কৌশলগত পরিকল্পনা প্রণয়ন” ডিপ্লিপি এর মূল বিষয়গুলির উপর আলোকপাত করেন। তিনি জানান যে, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস প্রভাবিত প্রকল্পের মাধ্যমে সিলেট জেলার ১৩ (তেরো) টি উপজেলার এবং সমগ্র সিলেট জেলার জন্য কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করার চেষ্টা করছে। মূল প্রবন্ধে এই কৌশলগত পরিকল্পনার ধাপগুলি পর্যায়ক্রমে উপস্থাপন করা হবে এবং একই সাথে উপস্থিত সুধীদের মতামত গ্রহণ করা হবে যাতে মাত্র পর্যায়ে সফলভাবে পরিকল্পনাটি প্রণয়ন কাজ সহজতর হয়। পরবর্তী পর্যায়ে তিনি সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক জনাব মো. ইমাম হোসেনকে তাঁর প্রবন্ধ উপস্থাপনের আহ্বান জানান।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপক জনাব মো. ইমাম হোসেন “সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট” শীর্ষক বিষয়টি পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশন এর মাধ্যমে বিস্তারিত আলোচনা করেন। তিনি কৌশলগত নগর পরিকল্পনা কি সে বিষয়ে বলেন যে, সিটি শ্রীকতার প্র্যান বা কৌশলগত নগর পরিকল্পনা হল একটি দীর্ঘমেয়াদি রূপরেখা, যা একটি শহরের ভবিষ্যৎ উন্নয়নের দিকনির্দেশনা দেয়। এটি সাধারণত ২০-৩০ বছরের জন্য তৈরি হয়, যেখানে শহরের ভৌত, সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত বিষয়সমূহ বিবেচনায় নেওয়া হয়। সিলেট বিভাগের মাস্টার প্র্যানের প্রয়োজনীয়তা বর্ণনা করতে গিয়ে তিনি বলেন যে, সিলেটের পূর্বের মাস্টার প্র্যানটি ২০৩০ সালে মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে, যার ফলে বর্তমান উন্নয়ন চাহিদা ও সমস্যা মোকাবেলা একটি

চ্যালেঞ্জের মুখে পড়বে। তাছাড়া সিটি কর্পোরেশনের সম্প্রসারিত ১৫টি এলাকায় উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার প্রয়োজন রয়েছে। তিনি জানান, অপরিচ্ছন্ন নগরায়নের ফলে শহরের বিক্ষিপ্ত ও অনিয়ন্ত্রিত উন্নয়ন পরিবেশ ও বাসযোগ্যতার ওপর বিরূপ প্রভাব ফেলছে। পান্যন্ত্রে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বন্যা, জলাবদ্ধতা, ভূমিকম্পের ঝুঁকির জন্য পরিকল্পিত প্রযুক্তি প্রয়োজন। জনাব হোসেন সিটি স্ট্রাটেজিক প্ল্যানের তিনটি স্তরের (স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল এরিয়া প্ল্যান) কথা বর্ণনা করতে গিয়ে বলেন, স্ট্রাকচার প্ল্যান শহরের ভবিষ্যৎ উন্নয়নকে নির্দেশনা দেওয়ার জন্য দীর্ঘমেয়াদি (২০-৩০ বছর) পরিকল্পনা; আরবান এরিয়া প্ল্যান (Urban Area Plan) হলো মাঝারি মেয়াদি (১০-১৫ বছর) পরিকল্পনা, যা স্ট্রাকচার প্ল্যানের নির্দেশনার ভিত্তিতে নির্দিষ্ট এলাকা ভিত্তিক উন্নয়ন নির্দেশ করে। অর্থাৎ কোন এলাকায় কী ধরনের ভূমি ব্যবহার হবে (আবাসিক, শিল্প, শিক্ষা, ইত্যাদি) তা নির্দেশ করে। UAP তে স্ট্রাটেজিক প্ল্যানিং জোন (SPZ)/পূরুত্বপূর্ণ অঞ্চলগুলিকে চিহ্নিত করে লক্ষ্যভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার নির্দেশনা দেয়।

তিনি পরিকল্পনা প্রকৃতির ধাপসমূহ যেমন: বেস ম্যাপ প্রস্তুত, ফিজিক্যাল ফিচার ও ভূমি ব্যবহার জরিপ, GIS ডেটাবেস তৈরি, ভূমি উপযোগিতা ম্যাপ তৈরি, জনসংখ্যা প্রক্ষেপণ, PRA (Participatory Rural Appraisal) এবং পরিকল্পনা চূড়ান্তকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি চ্যালেঞ্জ/সীমাবদ্ধতার বিষয়ে অর্থের অভাব, কারিগরি দক্ষতার ঘাটতি, জনসম্পৃক্ততার সীমাবদ্ধতা, মনিটরিং টিমের অভাব এবং তথ্য ব্যবস্থাপনায় দুর্বলতার বিষয়টি উল্লেখ করেন।

তিনি আর উপস্থাপনার শেষ পর্যায়ে পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে তীর সুপারিশমালা তুলে ধরেন যা নিম্নরূপ:

- ১। টেকসই বাজেট গঠন: সরকারি বাজেট ছাড়াও ডোনার সংস্থা, এনজিও ও বেসরকারি খাতের (PPP) সমন্বয়ে অর্থায়ন নিশ্চিত করতে হবে।
- ২। ডিজিটাল প্ল্যাটফর্ম চালু: WebGIS ও মোবাইল অ্যাপ ব্যবহারের মাধ্যমে নগরবাসীকে সহজে তথ্য জানতে ও মতামত দেয়ার সুযোগ সৃষ্টি করতে হবে।
- ৩। প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি: নগর কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ দিতে হবে।
- ৪। সচেতনতামূলক কর্মসূচি: ওয়ার্কশপ, মতবিনিময় সভা, স্কুল ও কলেজে ক্যাম্পেইনের মাধ্যমে নাগরিক সচেতনতা বৃদ্ধি করতে হবে।
- ৫। সমন্বিত তথ্য ভিত্তিক পরিকল্পনা: বাস্তব তথ্য ও পরিসংখ্যান ব্যবহার করে কার্যকর ও বাস্তবভিত্তিক পরিকল্পনা তৈরি করতে হবে।
- ৬। মূল্যায়ন ও অডিট: প্রতি বছর পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন ও অডিট করে কলাকল বিশ্লেষণ করতে হবে।

মূল প্রবন্ধ উপস্থাপনার পর সঞ্চালক মহোদয় উন্মুক্ত আলোচনার আহ্বান জানান। সর্বপ্রথমে সেমিনার এর বিশেষ অতিথি ড. মো: আনোয়ারুল ইসলাম, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট মূল প্রবন্ধ উপস্থাপনকারীকে ধন্যবাদ জানান। অত্র সেমিনারে তাকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর জন্য নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেটকে ধন্যবাদ জানান। তিনি আর বক্তব্যে পলিশি, প্ল্যান, অ্যাকশন এর বিভিন্ন দিকের বর্ণনা করেন। বন্যা এবং জলাবদ্ধতা সম্পর্কে আলোচনা করতে গিয়ে তিনি বলেন যে, Upstream এ অত্যধিক বৃষ্টিপাতের কারণে সুরমা-কুশিয়ারা বেসিনে তাদের ক্যাপাসিটির চেয়ে বেশী পানি আসছে এবং নদীতে অনেক জায়গায় বীধ দেয়ার কারণে ভরা মৌসুমে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি সিলেট সিটিকে একটি বিলুপ্ত দিঘীর সিটি হিসেবে উল্লেখ করেন এবং জানান যে, লালদিঘী, সাগরদিঘী, খোপদিঘী, হাওড়দিঘী এই দিঘীগুলি এখন বাস্তবে নাই। এই দিঘীগুলি সিলেট শহরের রিজার্ভার হিসেবে গণ্য হতো কিন্তু এগুলি না থাকায় পানির স্বল্পতার পাশাপাশি জলাবদ্ধতা/বন্যার সৃষ্টি হচ্ছে। আগামীতে Sustainable সিটি গড়তে হলে Strategic Plan এ এই দিঘীগুলি পুনরায় পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার প্রস্তাবনা থাকতে হবে। "Environment is a great issue to this great city" এটি মাথায় রেখে Strategic Plan করতে হবে বলে তিনি জানান। তিনি সামাজিক বিষয়গুলি বা মানুষের দায়বদ্ধতাপুলি সঠিকভাবে পর্যবেক্ষণ করে ভবিষ্যৎ সিলেট সিটির উন্নয়ন কাজ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি ১০০ বছরের বন্যার Return Period বিবেচনা করে বাড়ি নির্মাণে Plinth Level এর উচ্চতা নির্ধারণ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট কর্তৃক এমন একটি সেমিনার আয়োজনের জন্য আবারো ধন্যবাদ জানিয়ে তীর বক্তব্য শেষ করেন।

জনাব মোহাম্মদ রহিম উদ্দিন তালুকদার, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, সিলেট বলেন যে, সিলেট শহরে রাস্তার দুই পাশে এবং ফুটপাথে হকাররা অবৈধভাবে পণ্য বিক্রি করে শহরে যানজটের সত্তা একটি বড় সমস্যা তৈরি করছে। মানুষের পায়ে হীটার পথ হকাররা দখল করায় মানুষ নিরাপদে হীটচলা করতে পারছে না। এমনকি বিভিন্ন রাজ্য যানজটের সৃষ্টি হয়ে দুর্ঘটনা

ঘটছে। এটি সমাধান করতে পারলে সিলেট শহর একটি যানজটমুক্ত শহর হিসেবে গড়ে উঠবে বলে তিনি উল্লেখ করেন। সভাপতি মহোদয় জবাবে বলেন যে, সিটি কর্পোরেশন কর্তৃক যদি এই রাস্তার হকারদের জন্য নির্দিষ্ট জায়গা নির্ধারণ করতে পারতো এবং তাদেরকে সেখানে স্থায়ীভাবে বসাতে পারতো তাহলে এ সমস্যার স্থায়ী সমাধান পাওয়া যেতো।

জনাব শাহ মো. সজিব হোসাইন, আবহাওয়াবিদ, আবহাওয়া অফিস, সিলেট বলেন যে, স্ট্র্যাটেজিক প্লানে নিম্ন আয়ের লোকদের জন্য পাবলিক টয়লেট গুলি ত্রি করা যায় কিনা? তিনি-জীর বক্তব্যে সিলেটে বড় খেলার মাঠ রাখার প্রস্তাবনা করেন। জবাবে সভাপতি মহোদয় সিলেট সিটি কর্পোরেশন এর দুটি আকর্ষণ করলে নির্বাহী প্রকৌশলী জনাব জয়দেব বিশ্বাস জানান যে, সিলেটে একটি বড় খেলার মাঠ রয়েছে। আরও দুটি খেলার মাঠ প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। একটি টিলাগড় নামক স্থানে ও অন্যটি দক্ষিণ সুরমাতে। মাঠ তিনটি খেলাখুলার পাশাপাশি দুর্যোগকালীন সময়ে Rescue Centre হিসেবে ব্যবহৃত হবে বলেও জানান। তিনি পাবলিক টয়লেটগুলি লিফ দেওয়া হয় এবং এগুলির পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য এই অর্থ উত্তোলন করা হয় বলে জানান।

জনাব মো. ফখরুজ্জামান, উপপরিচালক (অদা), যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সিলেটের মাস্টার প্ল্যান কতটুকু বাস্তবায়ন হয়েছে তা জানতে চান। তিনি একটি মাস্টার প্ল্যান ২০ বছর মেয়াদি না করে একশত বছর মেয়াদি হওয়া উচিত বলে মনে করেন। তিনি বলেন যে, মাস্টার প্লানে সরকারের যে সকল দপ্তর/সংস্থার কাজের সংশ্লিষ্টতা রয়েছে তাদের সমন্বয়ে সকল কাজ বাস্তবায়ন করা উচিত। সিলেট শহরের মধ্যে দিয়ে সুরমা নদী প্রবাহিত হয়েছে এবং নদীটি ধীরে ধীরে বালিতে ভরাট হয়ে যাচ্ছে সে দিকে আমাদের নজর না দিলে সিলেট শহরে বন্যা/জলাবদ্ধতা আরো বেশী দেখা যাবে বলে তিনি জীর বক্তব্যে উল্লেখ করেন। পানি নিষ্কাশনের বিষয়টা সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে বলে তিনি জানান। উত্তরে সভাপতি মহোদয় বলেন যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত সিলেটের মাস্টার প্ল্যান ২০ বছর মেয়াদি। এই মাস্টার প্ল্যান ৫ বছর পরপর এটা রিভিউ করতে হয়। একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করার দায়িত্ব নগর উন্নয়ন অধিদপ্তরের কিন্তু বাস্তবায়নের দায়িত্ব তাদের নাই। তবে তিনি সকলের সাথে নিয়মিতভাবে সুরমা নদীর ক্যানিটাল ড্রেজিং প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

জনাব সেবল সরকার, অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট বলেন যে, সিলেট শহর একটি সুন্দর শহর এবং এই শহরে হেঁটে হেঁটে ভ্রমণ করা যায়। এই শহরের রাস্তার পাশ দিয়ে সুন্দর ড্রেনেজ সিস্টেম করা রয়েছে যা মাস্টার প্লানের অংশ হিসেবে তিনি জীর বক্তব্যে উল্লেখ করেন। ড্রেনেজ এর পাশের সুন্দর ওয়াকওয়ে থাকলেও নদীর তীরে ময়লা আবর্জনা ফেলার কারণে দুর্গন্ধ সকালে/বিকালে মানুষ নির্মল বাতাসে হীটতে পারে না। এটি কীভাবে স্থায়ীভাবে দূর করা যায় তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি জীর বক্তব্যে মাস্টার প্লানে বড় বড় মার্কেট এরিয়াতে যেখানে যানজট সৃষ্টি হয় সেখানে “নো ভেহিকল জোন” বা পাবলিক স্পেস বা সোশ্যাল স্পেস সৃষ্টি, রুফ টপ পার্ডেনিং, আরবান এগ্রিকালচারকে অন্তর্ভুক্ত করা, প্রাস্তীয় অঞ্চলে শহর সম্প্রসারণ এর প্রস্তাবনা প্রদান করে জীর বক্তব্য শেষ করেন। জবাবে সিলেট সিটি কর্পোরেশন এর নির্বাহী প্রকৌশলী জনাব জয়দেব বিশ্বাস মাস্টারপ্ল্যান এর প্রস্তাবনা বাস্তবায়নে গড়ে ওঠা অবকাঠামো অপসারণ এবং Concentrated এলাকায় অধিক সংখ্যক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার মানসিকতা প্রধান অন্তরায় বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় জীর সাথে একমত পোষণ করে বলেন যে, বাজার দোকান ও ব্যবসায়ী প্রতিষ্ঠান গুলির দুর্গন্ধজনিত ময়লা নদীর তীরে বা নদীতে ফেলার কারণে ওয়াকওয়েতে দুর্গন্ধ দেখা যায়। তিনি আরো বলেন যে, আবাসিক এলাকাগুলোতে যেমন ময়লা আবর্জনা সিটি কর্পোরেশন অপসারণ করে থাকে তেমনি নদী তীরবর্তী বাজারগুলোর ব্যবসায়ী সমিতির সাথে সিলেট সিটি কর্পোরেশন এর সংশ্লিষ্ট কর্মকর্তারা আলোচনা করে বিষয়টির সুষ্ঠু সমাধান করতে পারেন। তিনি জলাবদ্ধতা নিরসনে হড়াগুলি পরিষ্কার করার ব্যবস্থা গ্রহণ করা, ড্রেনে এবং হড়াগুলির মধ্যে ময়লা ফেলা বন্ধ করা ইত্যাদির ব্যবস্থাপনার কথা উল্লেখ করেন। সভাপতি সিটি কর্পোরেশনকে মার্কেট এলাকায় সোশ্যাল স্পেস সৃষ্টির আহ্বান জানান।

জনাব মো. সুমন আলি, ইঞ্জিনিয়ারিং অ্যাডভাইজার, এসএনডি বলেন যে, ড্রেনেজ সিস্টেম সমস্যার সলিড ওয়েস্ট ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সলিড ওয়েস্ট Proper Manage না হলে ড্রেনেজ সমস্যার কার্যকর সমাধান সম্ভব হবে না বলে তিনি জীর বক্তব্যে তুলে ধরেন। তিনি Strategic Plan এ সলিড ওয়েস্ট এর 3R Management অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে প্রস্তাবনা তুলে ধরেন। জবাবে সভাপতি মহোদয় বলেন যে, চলমান এবং ভবিষ্যৎ প্রকল্পে অবশ্যই বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে। তিনি Solid Waste যাতে Drainage System না প্রবেশ করতে পারে সে জন্য আধুনিক অনেক ব্যবস্থা সিটি কর্পোরেশন নিতে পারে সে বিষয়ে সিটি কর্পোরেশন এর দুটি আকর্ষণ করেন।




চলমান পাতা ৩/৪

জনাব মো: বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বলেন যে, উত্তর সিলেটের বৃষ্টির পানি সুরমা নদীতে যেয়ে পড়ে এবং উত্তর হতে দক্ষিণ দিকে প্রবাহিত হয়। কিন্তু দক্ষিণ সুরমায় ভূ-প্রকৃতিগত কারণে পানি সুরমা নদীতে আসে না। দক্ষিণ সুরমা এলাকাতে নগরায়ণ এবং Navigation Blockage এর কারণে বৃষ্টি ও অন্যান্য উৎসের পানি আরো দক্ষিণে ছাড়ে ও বিলে যেতে বাধাগ্রস্ত হয়। ফলে, দক্ষিণ সুরমায় অবস্থিত ২৫, ২৬ এবং ২৭ নম্বর ওয়ার্ডে ব্যাপক জলাবদ্ধতা দেখা যায় যার সুষ্ঠু সমাধান মাস্টার প্র্যানে থাকা উচিত বলে তিনি মনে করেন। তিনি Water Flow Navigation Clear করার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তিনি ইসলামপুর, বালুচর এবং গওহর এলাকায় বসতি বাড়ার কারণে পাহাড় টিলা কর্তনে উদ্বেগ প্রকাশ করেন। তিনি সিলেট সিটি কর্পোরেশনের বিসি কমিটিকে পরিবেশ আইন অনুসরণ করে উক্ত এলাকাতে বাড়িঘর নির্মাণের অনুমতি প্রদানের ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি উক্ত এলাকাতে Eco-friendly ঘর বা রিসোর্ট নির্মাণ অথবা পরিবেশের ক্ষতির কারণ হয় এমন কর্মকাণ্ড না করার পরামর্শ প্রদান করেন। তিনি জনগণের সচেতনতার পাশাপাশি জলাবদ্ধতা নিরসনে Law & Enforcement এর কঠোর প্রয়োগ করার পরামর্শ দেন। সেমিনারে উপস্থিত সকলে তীব্র বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

জনাব জয়সেন বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট বলেন যে, মাস্টার প্র্যান অনুযায়ী সকল কাজ বাস্তবায়ন করা কিছু কিছু ক্ষেত্রে কঠিন। কারণ বর্তমান শহরের কিছু অংশে মাস্টার প্র্যান অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে গেলে শহরের কিছু অংশের বহুতল ভবনসহ ঘরবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান ভেঙে ফেলতে হবে সে ক্ষেত্রে নানাবিধ সমস্যার সৃষ্টি হবে। বর্তমানে নতুন কিছু তৈরি করতে হলে মাস্টার প্র্যান অনুযায়ী করা হয় বলে তিনি জানান। তিনি বিসি কমিটি কর্তৃক ভবন নির্মাণের জন্য সকল বিষয় বিবেচনা করে বিল্ডিং নির্মাণের অনুমতি প্রদান করা হচ্ছে বলে উল্লেখ করেন। সিলেট সিটি কর্পোরেশন ভূমিকম্প, জলাবদ্ধতা এবং বন্যা পরিস্থিতির কথা বিবেচনা করে আগামী কার্যক্রম পরিচালনা করছে বলে উল্লেখ করেন। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস সিলেট কর্তৃক এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়ে তীব্র বক্তব্য শেষ করেন।

প্রধান অতিথি হিসেবে দায়িত্বপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইঞ্জিনিয়ার জনাব মোহাম্মদ আলী আকবর নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট কর্তৃক আয়োজিত আজকের সেমিনারে উপস্থিত হওয়া এবং তীব্র সুচিন্তিত মতামত প্রদান করার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট এবং সিলেট সিটি কর্পোরেশনকে আজকের সেমিনার এ প্রাপ্ত বিভিন্ন মতামত লিপিবদ্ধ করার পরামর্শ দেন। তিনি উপকারভোগী জনগণ ও সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় রেখে কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নেরও অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলের সুস্বাস্থ্য ও শ্রুতকামনা করে তীব্র বক্তব্য সমাপ্ত করেন।







অতঃপর সভাপতি মহোদয় তীব্র সমাপনী বক্তব্যে প্রধান অতিথির পরামর্শের সাথে এক মত পোষণ করেন এবং সেমিনারে উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে তিনি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।





(শাহীন আহমেদ) 14/05/2025
সিনিয়র প্র্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোন. ০২২৯৬৬৩৬৬৩৬৬৩৩








নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের অনুষ্ঠিতব্য "সিলেট বিভাগীয় শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন পদ্ধতি: বর্তমান প্রেক্ষাপট" শীর্ষক দিনব্যাপী সেমিনারে উপস্থিত/অংশগ্রহণকারী কর্মকর্তাগণের উপস্থিতি তালিকা

তারিখঃ ২৪/০৪/২০২৫ খ্রিঃ

স্থানঃ সম্মেলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা	স্বাক্ষর ও তারিখ
	Engr. Mohammed Ali Akbar	SCC	01711-306647	aliakbar86@gmail.com	 24.04.2025
2	Dr. Md. Anwarul Gislam Associate Professor and Head Dept. of Geography and Env. SUST	SUST	01709109665	anwar-g@ust.edu	 24.04.25
৩	কাফির হোসেন মিলিটারি ইঞ্জিনিয়ার	নগর উন্নয়ন অধিদপ্তর	01777-466959	adulcam1192@yahoo.com	 24.04.2025
৪	Razi Uddin Khan	Executive Engineer SCC	01716690101	Razi-Uddin-Khan@yahoo.com	 24.04.2025
৫	কামাল উদ্দিন উপসার্বিক/নক	ডেপুটি সার্বিসংস্থান অফিস, সিলেট	01716-736577	ukamal66@gmail.com	 24.04.25
৬	দেবল মল্লিক অতিরিক্ত উপসার্বিক/নক (সিঙ্গ)	কৃষি সম্প্রদায়ন অধিদপ্তর	01721-044685	ddaesylhet@gmail.com	 24.04.25
৭	শাজিব সজিব (সিঙ্গ) আঞ্চলিক অফিস	আঞ্চলিক অফিস, সিলেট	01724674486	Shajib206@gmail.com	 24.04.25

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা	স্বাক্ষর ও তারিখ
৮	হা: সফাতুল্লাহ অতিরিক্ত (জি.এ):	সুপার কমিউনিটি সিলেট	০১৭১১-১৫৬৭৭১	dddyg@syhat@gmail.com	
১০	Milvin Roy Deputy General Manager	BTCL	০১৫৫০১৫৭২১	dgmbtclsyhat@gmail.com	 12/8/22
১০	Mohammad Shafiqul Islam Inspector of Police	Sylhet Metropolitan Police (S.M.P)	০১৭১২৬০০১০৪	shafiqulislam07@gmail.com	 28/08/22
১১	Mohammad Rafiq Uddin Talukdar, District Cooperative Officer, Sylhet	District cooperative office, Sylhet	০১৭৭০০২৩৭০০	dco-sylhet@yahoo.com	 24-09-25
১২	Haruf Mia Computer operator	District employment and Manpower office (DEMO)	০১৭৭৭৬৩৯৯০৪	manufahmed82522@gmail.com	 24.4.25
১৩	Mohammad Nazim Uddin. Assistant Director	Dist. Social Services office	০১৭১২৭/ ২৪৭৩	dzsyhat@gmail.com	
১৪	Dipta Chakrabarty Scientific officer	Soil Resource Development Institute (SRDI), Divisional office, Sylhet	০১৭৪৮-১২৭৭৭৭	dipta.sndi@gmail.com	
১৫	Azizul Islam Sub Assistant Engineer, Education Engineering Dept.	Education Engineering Department, Sylhet.	০১৭৫৭৬৬১৭১৮	Jeweelahmeed@gmail.com	
১৬	Md. Bodrul Huda Assistant Director	Dept. of Environment DOE	০১৭২২২৭২৪৭৭	bodrul.du@gmail.com	

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা	স্বাক্ষর ও তারিখ
17.	অরুণোদয় বিজয়াসার নিবাহিত প্রকৌশলী	অিমলিট সিটি কর্পোরেশন	০১৭১৭-০৭৫৫৫ ৫	biswasjoy78@gmail.com	 24/04/25
18.	জোহাঙ্গা-ফারিডা ডিগ্র- ডেপ: সহ: প্রকৌশলী	অিমলিট সিটি কর্পোরেশন	০১৭১০৫১৬৪২	abdulsalimmi82@gmail.com	 24/04/25
19.	ডাঃ ওমর ফারুক সহ: প্রকৌশলী	অিমলিট সিটি কর্পোরেশন	০১৭৩৬৫১৭৬৩৩	Omonfarukvap@gmail.com	 24/04/25
20.	বিপন কুমার অম্বিকুমার ডেপ: সহ: প্রকৌশলী	অিমলিট সিটি কর্পোরেশন	০১৮৬১-২৪৭৬৭৭	vipentalukder87@gmail.com	 24/04/25
21	Mr. Tameer Rahman Municipal / Urban Planner	SCC	০১৫৫২৪৪১২	tameeruelog@gmail.com	 24.04.25
22	Taslim Hossain Anne Architect	SCC	০১৭১৭৬১৩১০২	taslimhossainik@gmail.com	 24.04.25
23	Bitit Chandan Dey Sub-Assistant Engineer	SCC	০১৭১৬৭৭০৮৩০	bitit8889@gmail.com	 24-4-25
24	নজরিন চৌধুরী	অিমলিট সিটি কর্পোরেশন	০১৭৩৫-৭২৭৪৫	rowim.sec@gmail.com	 24.04.25
25	Mr. Ismailor Rahman. AE (Civil)	S. C. C.	০১৮১৮৬২৪২৬৬	ismail sec19@gmail.com	 24/4/2025

ক্র. নং	কর্মকর্তার নাম ও পদবী	সংস্থার নাম	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা	স্বাক্ষর ও তারিখ
26	Lipu Singho AE.	S.C.C	01716177059	lipusce10@yahoo.com	24/04/25
27	Sumon Chandra Deb AE	SCC	01711263000	skd.scc@gmail.com	24.04.2025
28	Angshuman Bhattacharjee AE	SCC	01712-087884	ra.khu@scs.gov.bd	
29	Md. Sumon Ali Engineering Advisor	SNV	01729-436705	sali@snv.org	
30	Mahmudul Islam Assistant Engineer	Roads & Highways Department, Sylhet	01880-865319	mahmudulrany5@gmail.com	
31	Md. Imran Hossain	SNV	01795365368	imran.hossain@snv.org	24/04/25

২৪/০৪/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সেমিনারের আলোকচিত্র নিম্নরূপ



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪



চিত্র-৫



চিত্র-৬



চিত্র-৭



চিত্র-৮



চিত্র-৯



চিত্র-১০

Shahin

২৪/০৪/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সেমিনারের আলোকচিত্র নিম্নরূপ



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪



চিত্র-৫



চিত্র-৬



চিত্র-৭



চিত্র-৮



চিত্র-৯



চিত্র-১০